

## ঢাবিতে মনোবিজ্ঞান বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী নিপীড়নের অভিযোগ

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের একজন শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী নিপীড়নের অভিযোগ উঠেছে। কয়েকজন ছাত্রী বিভাগীয় চেয়ারম্যানের কাছে এ ব্যাপারে লিখিত অভিযোগ করেছেন। অভিযুক্ত শিক্ষক সহযোগী অধ্যাপক ড. মোঃ কামালউদ্দিনের ছাত্রীদের সঙ্গে যৌন নিপীড়নের ঘটনা নিয়ে বিভাগে জেলপাড় সৃষ্টি হয়েছে। এখন বিষয়টি ধামাচাপা দিতে বিভাগের একজন সিনিয়র শিক্ষক জোর তদবির চালাচ্ছেন বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। তবে এ ঘটনায় অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার দাবিতে কয়েকজন ছাত্রী ও তাদের অভিভাবক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রক্টর এবং বিভাগীয় চেয়ারম্যানের কাছে লিখিতভাবে অভিযোগ করেছেন।

জানা যায়, মনোবিজ্ঞান বিভাগের ওই শিক্ষক গত মার্চ মাসের প্রথম সপ্তাহে এক ছাত্রীকে তার কক্ষে ডেকে নিয়ে যৌন নিপীড়নের ঘটনা ঘটিয়েছেন। বিষয়টি বিভাগীয় চেয়ারম্যানের কাছে লিখিতভাবে অভিযোগ করা হয়েছে। এ ঘটনার পরপরই বেশ কয়েকজন ছাত্রী ওই শিক্ষকের বিরুদ্ধে লিখিত অভিযোগ দেন বিভাগীয় চেয়ারম্যানের কাছে।

বিভাগ সূত্রে জানা যায়, ড. কামালউদ্দিনের বিষয়টিকে ধামাচাপা দেয়ার জন্য বিভাগের একজন সিনিয়র শিক্ষক জোর তদবির চালাচ্ছেন। এ নিয়ে ৩০ এপ্রিল দুপুরে বিভাগের একটি বৈঠকও অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে কয়েকজন শিক্ষক বিষয়টি মীমাংসার ইঙ্গিত দেন।

এ ব্যাপারে সহযোগী অধ্যাপক ড. কামালউদ্দিনের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি কথা বলতে রাজি হননি। মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. শামীম ফেরদৌস করিম বলেন, তিনি এ বিষয়ে কোনো ধরনের মন্তব্য করতে রাজি নন। যদি বিষয়টি বিভাগের সম্মানেও সন্দেহ জড়িত হয়, তবে যেন সংক্রম পরিবেশন না করা হয়। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. আফ ম ইউসুফ হায়দার বলেন, মনোবিজ্ঞান বিভাগের একজন শিক্ষকের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ পাওয়া গেছে। উপাচার্য দেশের বাইরে আছেন। তিনি দেশে ফিরলে এ বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হবে।